# Sanatan Dharma



**কাককে খাবার খাওয়ানোর সুফল**

প্রতিদিন কাককে খাবার খাওয়ানোর সুফল জেনে নিন
নানা সমস্যা থেকে মুক্তি পেতে আমরা নানা রকম কাজ করি। কাককে খাওয়ানোও হয় সে কারণেই। কিন্তু কী উপকার হয় এই কাজ কলে?

প্রতিদিন যদি কাককে খাওয়ানো যায়, তা হলে শনি ও রাহুর কুদৃষ্টি অনেকটা কেটে যায়। আমাদের জীবনে প্রতিনিয়ত কিছু না কিছু সমস্যা আসতেই থাকে। এই কথাটা মানতেই হবে যে সুখ চাইলেও পাওয়া যায় না, কিন্তু দুঃখ না চাইতেই চলে আসে। মানুষের রাশিগত প্রভাবেই হোক বা তার ভাগ্যের কারণেই হোক, জীবনে নানা প্রকার সমস্যায় পড়তে হয়। সেই সমস্যা কাটিয়ে উঠতে আমারা কত কি না করি। হয়তো কখনও সেই প্রক্রিয়া কাজে লাগে, আবার কখনও সেই প্রক্রিয়া কাজে লাগে না।
ঠিক সে রকম নানাবিধ প্রক্রিয়ার মধ্যে একটি হল প্রতিদিন কাককে খেতে দেওয়া। মানুষ যত প্রকার বিপদে পড়ে, তা বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায় শনি মহারাজ ও রাহুর প্রকোপের কারণে। তাই যদি প্রতিদিন কাককে এই জিনিসটি খাওয়ানো যায়, তা হলে শনি ও রাহুর কুদৃষ্টি অনেকটা কেটে যায়। শনি ও রাহুর কুদৃষ্টি যদি কেটে যায়, তা হলে জীবন থেকে সমস্যাও অনেকটা কমে যায়।

কাককে কী খাওয়াতে হবে?

কাককে প্রতিদিন সকালবেলা একটা রুটি টুকরো টুকরো করে বাড়ির এক কোণে বা বাড়ির ছাদে দিতে হবে। তবে অবশ্যই এটা লক্ষ্য রাখতে হবে যে, নিজে কিছু খাবার খাওয়ার আগে এই প্রক্রিয়াটি করতে হবে। রুটি সম্ভব না হলে মুড়ি বা বিস্কুট খাওয়ানো যেতে পারে।

Published on: Jan, 09 2023 18:32